গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
প্লট- ৫/ এ, সেক্টর- ৮, উত্তরা মডেল টাউন,
ঢাকা-১২৩০।
www.bpi.gov.bd

**নভেম্বর' ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | খেনচান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৫ নভেম্বর, ২০২৫ |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | বিপিআই সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ**<br>সভার প্রারম্ভে বিগত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনের প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে, সংশোধনের প্রয়োজনীয়তা থাকায় বিগত সভার কার্যবিবরণী সংশোধনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ৭নং আলোচনার সিদ্ধান্ত (খ) -এ "নতুন গবেষণা প্রস্তাব অক্টোবর/২৫ এর মাঝে দাখিল করতে হবে" লাইনটি পরিবর্তে "ইতোমধ্যে ১টি গবেষণা প্রস্তাব পাওয়া গেছে এবং নতুন গবেষণা প্রস্তাব অক্টোবর/২৫ এর মধ্যে দাখিল করতে হবে" লিখতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ২। | **বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি**<br>সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী পরিচালক (প্রশাসন), জনাব মো: শরীফুল ইসলাম সভাকে জানান যে, বিগত সভার সকল সিদ্ধান্তের বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। বিগত সভার সকল বাস্তবায়ন ও অগ্রগতি সন্তোষজনক হওয়ায় এ ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | এ বাস্তবায়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ৩। | **প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণঃ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। সংশ্লিষ্ট সহকারী পরিচালক (প্রশাসন শাখা) জনাব মো: শরীফুল ইসলাম সভাকে জানান যে, নভেম্বর, ২০২৫ মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্ত সকল চিঠি নিষ্পত্তি করা হয়েছে। | ডিসেম্বর/২০২৫ মাসের সকল বিবরণী/ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ ও সকল পত্র যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৪। | <u>হিসাব শাখার যাবতীয় কার্যক্রম</u><br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে উপ-পরিচালক, (চ.দা.) (বাজেট ও হিসাব শাখা) জনাব রুবেল হোসেন সভায় জানান, হিসাব শাখার সেপ্টেম্বর মাসের পাক্ষিক, মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং বিপিআই- এর বিভিন্ন মাসিক বিলসমূহ যথাসময়ে পরিশোধ করা হয়েছে। সভাপতি ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ সংক্রান্ত বকেয়া বিল আদায় করার জন্য প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ এবং ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ফি বাবদ প্রাপ্ত হিসাব সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতির জন্য নির্দেশ প্রদান করেন। | ক) আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণ সংক্রান্ত বকেয়া বিল আদায় করার জন্য, i) GTCL, ii) MPL, iii) POCL, iv) TGTDCL এবং অন্যান্য (যদি থাকে) প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করে আদায় করার কাজ ১৫ ডিসেম্বর, ২০২৫ সম্পন্ন করতে হবে।<br>গ) ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ফি বাবদ প্রাপ্ত হিসাব প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক, বাজেট ও হিসাব শাখা<br>৩। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | <u>প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম</u><br>সভায় অদ্যাবধি অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব প্রকৌশলী মো: রনি রায়হান সভাকে জানান, বিপিআই-এ নভেম্বর-২০২৫ মোট ১টি ক্যালেন্ডারভুক্ত প্রশিক্ষণঃ ১) *Geology for Non Geologist,* সফলভাবে আয়োজন করা হয়েছে এবং এতে মোট ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। ২টি অনুরোধভিত্তিক প্রশিক্ষণঃ ১) *Training on Solar Project Development* এবং ২) *Fire Fighting, First Aid and Rescue Operation,* সফলভাবে আয়োজন করা হয়েছে এবং এতে মোট ৫৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। সভাপতি LPG সংক্রান্ত এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড কর্তৃক অনুরোধকৃত অনুরোধভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। | ক) অনুরোধভিত্তিক প্রশিক্ষণ/ কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) LPG সংক্রান্ত (প্রাইভেট প্রতিষ্ঠানসহ) এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড কর্তৃক অনুরোধকৃত প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) P O L কোর্স এর জন্য ডিসেম্বর/২০২৫ এর মধ্যে একটি মডিউল প্রস্তুত করতে হবে।<br>ঘ) সর্বশেষ POL কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের নিয়ে ডিসেম্বর/২০২৫ এর মধ্যে একটি ব্রোশিওর প্রস্তুত করতে হবে।<br>ঙ) সকল বিল দ্রুত দাখিল করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৬। | <u>ভান্ডার শাখার যাবতীয় কার্যক্রম</u><br>সভায় ভান্ডার শাখার যাবতীয় ক্রয় কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (ভান্ডার), জনাব লুলু-উম-মাকনুন মুমু সভাকে জানান যে, নভেম্বর ২০২৫ মাসে বিপিআই-এ মোট ১৪ ধরনের জিনিসপত্র ক্রয় করা হয়েছে, যার মধ্যে কর্মকর্তাদের কক্ষের জন্য কলিং বেল ও পেনড্রাইভ উল্লেখযোগ্য। এছাড়াও ২টি প্রোজেক্টরের মেরামতের জন্য ২৬,০০০ টাকা ব্যয় হয়েছে। বিভিন্ন বিবিধ সামগ্রীও ক্রয় করা হয়েছে এবং কিছু ক্রয় চলমান রয়েছে, যেমন- তালা, স্যানিটারি ও ইলেকট্রিক সামগ্রী, হ্যান্ডওয়াশ, ডিসপেনসার, গিজার, সিঙ্ক, কর্মচারীদের পোশাক ইত্যাদি। সভাপতি ভান্ডার শাখা সম্পর্কিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এই কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ক) ভান্ডার শাখার সকল ক্রয় কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) চলমান ক্রয় প্রক্রিয়াগুলো ক্রয় পরিকল্পনা অনুসারে সময়মতো সম্পন্ন করতে হবে এবং ব্যয়সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত ও দাখিল করতে হবে এবং ব্যয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে।<br>গ) সকল রেজিস্টার আপ-টু-ডেট রাখতে হবে এবং রেজিস্টার এর সাথে বাস্তব সংরক্ষিত মালামালের মিল রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, ভান্ডার শাখা<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) (ভান্ডার) (অতিরিক্ত দায়িত্ব) |
| ৭। | <u>সেমিনার ও অভ্যন্তরীণ ট্রেনিং কার্যক্রম</u><br>সভায় অদ্যাবধি অনুষ্ঠিত সেমিনার ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (প্রশাসন) , জনাব মো: শরীফুল ইসলাম জানান, বিপিআই-এ নভেম্বর - ২০২৫ মোট ২টি সেমিনারঃ ১) *Artificial Intelligence in Public Administration : Possibilities and Limitations* এবং ২) জ্বালানি সুরক্ষা ও আত্মনির্ভরতা *:* স্থানীয় উৎস ও বৈশ্বিক যোগাযোগ, সফলভাবে আয়োজন করা হয়েছে এবং এতে মোট ৬৫ জন অংশগ্রহণ করেছেন। এছাড়াও নভেম্বর -২০২৫ মাসে মোট ১৩টি অভ্যন্তরীণ প্রশিক্ষণে মোট ১৫৮ জন অংশগ্রহণ করেছেন। সভাপতি সেমিনার ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ক) সকল সেমিনার ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) সঞ্জীবনী প্রশিক্ষণ জানুয়ারি/ ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৮। | **<u>গবেষণা সংক্রান্তঃ</u>**<br>গবেষণা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বিপিআই-এর বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব হাবিবুর রহমান জানান, পূর্ববর্তী বছরের গবেষণা রিপোর্টের দাখিল সম্পন্ন হয়েছে এবং ২টি নতুন গবেষণা প্রস্তাব দাখিল হয়েছে। সভাপতি পূর্ববর্তী বছরের গবেষণা ফলাফল উপস্থাপন করে সেমিনার আয়োজনের নির্দেশ প্রদান করেন। এছাড়াও আউটসোর্সিং গবেষণা প্রস্তাব দাখিলের জন্য দ্রুত নোটিশ দেওয়ার প্রস্তাব করেন। | ক) পূর্ববর্তী বছরের গবেষণা ফলাফল উপস্থাপন করে সেমিনার আয়োজন করতে হবে।।<br>খ) বিপিআই-এর কর্মকর্তাগণের পাশাপাশি আউটসোর্সিং এর মাধ্যমে গবেষণা পরিচালনার জন্য অতি শীঘ্রই নোটিশ/চিঠি জারি করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (চ.দা.)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৪। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ৯। | **<u>সাংগঠনিক কাঠামো সংক্রান্তঃ</u>**<br>সাংগঠনিক কাঠামো কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বিপিআই-এর সহকারী পরিচালক জানান, সাংগঠনিক কাঠামো সংশোধন কার্যক্রম সম্পন্ন করে ০৬-১১-২৫ তারিখ মোট ২২৩টি পদ সম্বলিত একটি সাংগঠনিক কাঠামোর একটি প্রস্তাব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রস্তাবটি খুব দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সভাপতি পরবর্তী ব্যবস্থা ও কার্যক্রমের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ রক্ষা করার নির্দেশ প্রদান করেন। | ক) পরবর্তী ব্যবস্থা ও কার্যক্রম সুনিশ্চিত করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে হবে। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা (ভান্ডার)<br>৩। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ১০। | **<u>বিবিধঃ</u>**<br>**<u>ভূমিকম্প-পরবর্তী বিপিআই এর-ভবনের সামগ্রিক কাঠামোগত অবস্থা পরিদর্শন এবং ভবনের প্রকৃত ঝুঁকির মাত্রা নিরূপণের বিষয়েঃ</u>**<br>সম্প্রতি সংঘটিত ভূমিকম্পজনিত কারণে বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) ভবনের নিরাপত্তা ঝুঁকি পর্যালোচনার লক্ষ্যে প্রকৌশল বিশেষজ্ঞদের দ্বারা Structural Assessment পরিচালনার জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। সভায় এ বিষয়ে জানতে চাওয়া হয়ে সদস্য সচিব জানান, রাজুক থেকে বিশেষজ্ঞ দ্বারা ভবনটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে এবং পরবর্তীতে বুয়েটের বিশেষজ্ঞরা পুনরায় পরিদর্শন করবেন। সভাপতি ভূমিকম্প-পরবর্তী BPI ভবনের সামগ্রিক কাঠামোগত অবস্থা পরিদর্শন এবং ভবনের প্রকৃত ঝুঁকির মাত্রা নিরূপণের জন্য স্বীকৃত প্রকৌশল বিশেষজ্ঞ/প্রতিষ্ঠানের মাধ্যমে বিস্তারিত Structural Assessment/Testing করে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করেন। | ক) কমিটি বিশেষজ্ঞ দ্বারা ভবনটির বিস্তারিত Structural Assessment/Testing করে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবে এবং এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকেও অবহিত করতে হবে।<br>খ) ভবন ও আশপাশ এলাকা পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রশাসন শাখা তদারকি করে অবহিত করবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব)<br>০২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.)<br>০৩। বৈজ্ঞানিক কর্মকর্তা |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-১১-২০২৫
খেনচান
মহাপরিচালক
+৮৮০২৮৯৩৩৩৩৪ (ফোন)
+৮৮০২৮৯৩৩৩৩৬ (ফ্যাক্স)
dg@bpi.gov.bd

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৪.০০০০.০০০.০০৩.০৬.০০০১.২৪.৪৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৩। উপপরিচালক (চলতি দায়িত্ব), অর্থ (বাজেট ও হিসাব) অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৪। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৫। বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৬। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৭। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৮। সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৯। সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
১০। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
১১। বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
১২। বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩০-১১-২০২৫
খেনচান
মহাপরিচালক